

যুগান্তর

তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০১৫
সংখ্যা: ০২

কামিল পরীক্ষা ফের স্থগিত

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীন
অনুষ্ঠিতব্য কামিল স্নাতকোত্তর পরীক্ষা
ফের স্থগিত করা হয়েছে। ১৭ ফেব্রুয়ারি
থেকে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা
থাকলেও অনিবার্য কারণবশত তা
স্থগিত করা হয়।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক
মোহাম্মাদ আলী এ তথ্য নিশ্চিত
করেছে। একই সঙ্গে নতুন সময়সূচি
দেয়া হয়েছে। এ সূচি অনুযায়ী আগামী
৮ মার্চ থেকে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ
বিষয়ে বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের
নিজস্ব ওয়েবসাইট
www.iu.ac.bd থেকে জানা
যাবে।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল
(মাস্টার্স) পরীক্ষা গত মাসের দশ
তারিখ থেকে অনুষ্ঠিত হওয়ার কথা
থাকলেও সেটি স্থগিত করা হয়।